সন্ত্রাসবিরোধী মামলায় আনিস আলমগীরকে গ্রেফতার দেখাল পুলিশ



সংগৃহীত ছবি

ঢাকার উত্তরা পশ্চিম থানায় দায়ের হওয়া সন্ত্রাসবিরোধী আইনের এক মামলায় সাংবাদিক আনিস আলমগীরকে গ্রেফতার দেখিয়েছে পুলিশ। সোমবার (১৫ ডিসেম্বর) বিকেলে তাকে আদালতে হাজির করা হবে বলে জানা গেছে।

পুলিশ সূত্র জানায়, রাষ্ট্রের স্থিতিশীলতা বিঘ্নিত করার অভিযোগে রোববার দিবাগত রাত আড়াইটার দিকে মামলাটি দায়ের করা হয়। জুলাই রেভ্যুলেশনারি এলায়েন্সের কেন্দ্রীয় সংগঠক আরিয়ান আহমেদ মামলাটি করেন। এতে সাংবাদিক আনিস আলমগীর, অভিনেত্রী মেহের আফরোজ শাওনসহ চারজনকে অভিযুক্ত করা হয়।

উত্তরা পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কাজী মোহাম্মদ রফিক আহমেদ বলেন, দায়ের করা মামলার আইনগত প্রক্রিয়ার অংশ হিসেবেই আনিস আলমগীরকে গ্রেফতার দেখানো হয়েছে।

মামলায় নাম থাকা অপর দুই অভিযুক্ত হলেন মডেল মারিয়া কিসপট্টা ও ইমতু রাতিশ ইমতিয়াজ। এর আগে, মামলাটি দায়েরের কয়েক ঘণ্টা আগেই রোববার রাতে জিজ্ঞাসাবাদের জন্য একটি জিম থেকে সাংবাদিক আনিস আলমগীরকে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের কার্যালয়ে নিয়ে যাওয়া হয়।